

2024

ELECTIVE BENGALI

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.

UNIT – I (Poetry)

‘ক’ – গুচ্ছ (পদ্যাংশ)

- | | | |
|----|---|---|
| ১। | বাসলী কে? | ১ |
| | (ক) দেবী লক্ষ্মী | |
| | (খ) দেবী দুর্গা | |
| | (গ) দেবী সরস্বতী | |
| ২। | ‘কপোতাক্ষ নদ’ কোন ধরনের কবিতা? | ১ |
| ৩। | কবি বুদ্ধদেব বসু কবে কোথায় জন্মগ্রহণ করেছিলেন? | ২ |
| ৪। | ‘মেরুর ডাক’ কবিতায় কবি প্রমথনাথ কোন মেরুর ডাক শুনেছেন? | ২ |
| ৫। | ‘প্রত্যহের ভার’ কবিতায় কবি সংকটের মধ্যেও ভাষাকে কোথায় মর্যাদা দিয়েছেন? | ২ |
| ৬। | ‘কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান’ – এখানে কন্যা কে? দ্বিজ আসলে কে ছিলেন? | ২ |

P.T.O.

- ৭। টীকা লিখ : 'কনফুসি'। ৩
- ৮। চিলের কান্নায় কবির মনে কোন অনুভূতির সৃষ্টি হয়? ৩
- ৯। 'ভক্তরা বলে, নবযুগ রবি।
যুগের না হই হুজুগের কবি।"
'হুজুগের কবি' বলতে কী বোঝানো হয়েছে? ৪

UNIT – II (Prose)

'খ' – গুচ্ছ (গদ্যাংশ)

- ১০। 'ভালবাসার অত্যাচার' প্রবন্ধের রচয়িতার নাম— ১
- (ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
- (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- ১১। 'সাহিত্যে খেলা' প্রবন্ধের রচয়িতা কে? ১
- ১২। "দুইটি মাত্র মূলসূত্রে সমস্ত মনুষ্যের নীতিশাস্ত্র কথিত হইতে পারে।" – সূত্র দুইটি কী কী? ২
- ১৩। 'কুশীলব' ও 'কৌপিন' শব্দের অর্থ কী? ২
- ১৪। "মানুষ দুই শ্রেণীতে বিভক্ত"— শ্রেণী দুইটি কী কী? ২
- ১৫। 'এখানে এত ভিড় কিসের?' প্রশ্নটি কে কাকে করেছিল? ২
- ১৬। টীকা লিখ : 'ন্যাপলা' ৩
- ১৭। "আমরাই সংসারের গতি।" – আমরা কারা? কেন তারা সংসারের গতি? ৪
- ১৮। "মনুষ্যজীবন ভালবাসার অত্যাচারে পরিপূর্ণ।" – উদ্ধৃতিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৮

UNIT – III (Drama)

'গ' – গুচ্ছ (নাটক)

- ১৯। 'মুকুট' নাটকটি কয় অঙ্কে বিভক্ত? ১
- (ক) দুই অঙ্কে
- (খ) তিন অঙ্কে
- (গ) চার অঙ্কে
- ২০। 'মুকুট' নাটকের কেন্দ্রীয় চরিত্র কোনটি? ১
- ২১। 'মুকুট' নাটকের আধার কোন রাজবংশ? ১
- ২২। 'শনির সঙ্গে মঙ্গল এসে জুটেছে।' উক্তিটি কার এবং কাদের বলা হয়েছে? ২
- ২৩। 'মুকুট' নাটকের শেষ উক্তিটি কার? উক্তিটি উদ্ধৃত কর। ৩
- ২৪। "তোমার দাদার বুদ্ধি তীরের মুখে কেন খেলে না তা জান? বুদ্ধিটা তেমন সূক্ষ্ম নয়।" – অন্তর্নিহিত ভাব ব্যাখ্যা কর। ৪
- ২৫। "এ মুকুট আমার নয়। এ আমি তোমাকেই পরিয়ে দিলুম।" – এটা কার উক্তি? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৮

UNIT – IV (Novel)

'ঘ' – গুচ্ছ (উপন্যাস)

- ২৬। 'মেজদিদি' কি ধরণের রচনা? ১
- ২৭। হেমাঙ্গিনীর ছেলে ও মেয়ের নাম কী? ২
- ২৮। 'মেজদিদি'র জায়ের নাম কী? ২

- ২৯। “বিপিন সজল চক্ষু হাত দিয়া মুছিয়া বলিলেন, তুমি যা চাও তাই হবে, তুমি ভাল হয়ে ওঠো।”
উদ্ধৃতিটি কোন পাঠের অন্তর্গত? কোন প্রসঙ্গে একথা বলেছে বিপিন? ৩
- ৩০। “পাঁচুগোপাল বলিল, জানে মেজ খুড়ীমার অসুস্থ শরীর-সন্ধ্যা হলেই ঘুমিয়ে পড়েন-ও কি কম
চালাক।”—পাঁচুগোপাল কে? মেজ খুড়ীমার কী অসুখ করেছিল? ৪
- ৩১। ‘মেজদিদি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা কর। ৮

UNIT – V (Rhetoric & Prosody)

‘ঙ’ – ঙ্গ (ছন্দ অলংকার)

- ৩২। অলংকার কত প্রকার? ১
- (ক) এক প্রকার
(খ) দুই প্রকার
(গ) তিন প্রকার
- ৩৩। ‘পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি’—কোন অলংকার? ১
- ৩৪। বাক্যত্বের একতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছের নাম কী? ১
- ৩৫। অর্থালংকার কাকে বলে? ২
- ৩৬। ছন্দ কাহাকে বলে? ছন্দ কত প্রকার ও কী কী? ৩
- ৩৭। অনুপ্রাস অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লিখ। ৩
- ৩৮। তানপ্রধান ছন্দের চারটি বৈশিষ্ট্য লিখ। ৪